

David Do
কমিশনার/চেয়ার
tlccommissioner@tlc.nyc.gov

Jason Kersten
TLC কমিউনিকেশন্স
press@tlc.nyc.gov

33 Beaver Street
22nd Floor
New York, NY 10004

বিজ্ঞপ্তি: ট্যাক্সিক্যাবের জন্য অ্যাক্সেসযোগ্যতা সম্পর্কিত শর্তসমূহ

নিউ ইয়র্ক সিটি ট্যাক্সি ও লিমুজিন কমিশন (TLC) 2024 সালের 18 অক্টোবর থেকে ট্যাক্সিক্যাব হিসেবে ব্যবহারের জন্য কেবলমাত্র হুইলচেয়ার অ্যাক্সেসযোগ্য যানবাহনগুলিকে (WAVs) হ্যাক-আপের অনুমতি দেবে।

ফেডারেল আদালতের আদেশের কারণে এই নীতিটি প্রয়োজনীয় হয়ে উঠেছে।

আদালতের আদেশ অনুযায়ী TLC-কে সমস্ত প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে, যাতে 2025 সালের 31 মার্চের মধ্যে সক্রিয় মেডালিয়নের 50% WAV দ্বারা পরিচালিত হয় এবং “2028 সালের শেষ নাগাদ” অনুমোদিত মেডালিয়নের 50% WAV এর সাথে যুক্ত হয়।

2024 সালের 16 অক্টোবর কমিশন নতুন নিয়ম গ্রহণ করেছে যা আদালতের আদেশের সাথে সঙ্গতি নিশ্চিত করার জন্য তৈরি করা হয়েছে। 2024 সালের 18 অক্টোবর, এই নিয়মগুলি *The City Record* অনলাইন এবং TLC এর ওয়েবসাইটে প্রকাশিত হবে এবং তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।

এছাড়াও কেবলমাত্র WAV-এর হ্যাক-আপের অনুমতি দেওয়ার পাশাপাশি, এই নিয়মগুলি:

- অ্যাক্সেসযোগ্য নয় এমন যানবাহনগুলির “রি-হ্যাক” (পূর্বে হ্যাক-আপ করা যানবাহনটিকে অন্য একটি মেডালিয়নে স্থানান্তর করার প্রক্রিয়া) নিষিদ্ধ করে।
- যারা শুধু একটি মেডালিয়নের মালিক, তাদের ক্ষেত্রে দুর্দশার কারণে যানবাহন অবসরের মেয়াদ বৃদ্ধি সর্বাধিক ছয় মাস পর্যন্ত সীমিত করে।

প্রশ্নগুলি ইমেইল করুন: licensinginquiries@tlc.nyc.gov

